ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১১৯৩

বিলোনীয়া, ১৪ জুন, ২০২৫

**৭ বছরে রাজ্যে খেলাধুলা এবং খেলাধুলার সঙ্গে যুক্ত পরিকাঠামোর উন্নয়নে অনেক অগ্রগতি ঘটেছে ঃ ক্রীড়ামন্ত্রী**

রাজ্য হিসেবে ছোট হলেও ত্রিপুরা ক্রীড়াক্ষেত্রে অনেক সুনাম অর্জন করেছে। গত ৭ বছরে রাজ্যে খেলাধুলা এবং খেলাধুলার সঙ্গে যুক্ত পরিকাঠামোর উন্নয়নে অনেক অগ্রগতি ঘটেছে। আজ বিলোনীয়ার বি কে আই মাঠে দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক গ্রীষ্মকালীন ক্রীড়া শিবির ২০২৫-এর সমাপ্তি অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিঙ্কু রায় একথা বলেন। তিনি বলেন, পরিকাঠামো উন্নয়ন এবং খেলোয়াড়দের উৎসাহিত করতে রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প চালু করেছে। রাজ্য সরকার ক্রীড়াক্ষেত্রকে বিশেষ গুরুত্ব দিয়ে দেখছে। বিভিন্ন ক্রীড়া পরিকাঠামো খ্যাতনামা খেলোয়াড়দের নামে উৎসর্গ করা হচ্ছে। নেশার করাল গ্রাস থেকে যুব সমাজকে দূরে রাখতে খেলাধুলার বিরাট ভূমিকা রয়েছে বলে উল্লেখ করে ক্রীড়ামন্ত্রী বলেন, আজকের দিনে ছেলেমেয়েদের বেশি করে মাঠ মুখী করে তুলতে অভিভাবকদের বড় ভূমিকা নিতে হবে। আমাদের রাজ্য থেকে দীপা কর্মকারের মত আরও খেলোয়াড় বেরিয়ে আসবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক মোহম্মদ সাজ্জাদ পি, পর্বতারোহী অরিত্র রায় প্রমুখ। অতিথিগণ বিভিন্ন কোচিং সেন্টারের মধ্যে ফুটবল বিতরণ করেন। উল্লেখ্য, জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই গ্রীষ্মকালীন ক্রীড়া শিবির জেলার মোট ৫৬টি কেন্দ্রে ২০ মে থেকে শুরু হয়েছিল। তা চলে ৭ জুন পর্যন্ত। এই শিবিরগুলিতে ১৪টি ইভেন্টে ৩,৪৮০ জন ক্রীড়াবিদ অংশগ্রহণ করে।

*******